নিজস্ব শিল্পীদের নিয়োগ বিধিমালা

বাংলাদেশ বেতারের আনুষ্ঠানিক কার্যক্রম শুরুর সূচনালগ্ন থেকেই বেতার কার্যক্রম সচল ও গতিশীল রাখার স্বার্থে স্থায়ী লোকবলের পাশাপাশি চুক্তিভিত্তিক লোকবলের সহযোগিতার প্রয়োজন হয়। এসকল চুক্তিভিত্তিক লোকবলই নিজস্ব শিল্পী নামে পরিচিত।

বাংলাদেশ বেতারের নিজস্ব শিল্পীগণ নিয়মিত সরকারি কর্মচারী নন। তাঁরা চুক্তিভিত্তিক কর্মরত।

১৯৭৬ সালের ব্রডকাস্টিং কমিটির রিপোর্ট অনুযায়ী নিজস্ব শিল্পীর সংখ্যা ৪৫৩ জন নির্ধারণের সুপারিশ জানানো হয়। ২২শে মে, ১৯৮৮ সালে জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষের চেয়ারম্যানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ব্রডকাষ্টিং কমিটির সুপারিশে বর্ণিত নিজস্ব শিল্পীর সংখ্যা নীতিগতভাবে মেনে নেয়া হয়।

বাংলাদেশ বেতারের নিজস্ব শিল্পী নিয়োগ ব্যবস্থাকে একটি পদ্ধতিগত প্রক্রিয়ার মধ্যে আনার জন্য উক্ত কমিটির সভায় ব্রডকাষ্টিং কমিটির রিপোর্টের আলোকে নিজস্ব শিল্পীদের নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত একটি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত তফসিল প্রণয়ন করা হয় এবং তা ১লা জানুয়ারী ১৯৮৯ তারিখ থেকে কার্যক্রম করা হয়। একই সভার সিদ্ধান্ত অনুযায়ী নিজস্ব শিল্পীদের ৪৫৩ জনের একটি পদ-কাঠামো তৈরি করা হয়, পরবর্তীতে আবার নিজস্ব শিল্পীর সংখ্যা ৪৫৩ জন থেকে বৃদ্ধি করে ৫০০ জনে উন্নীত করা হয় এবং তদানুযায়ী পদ-কাঠামো তৈরি করা হয়। উল্লেখ্য যে, নিজস্ব শিল্পীদের নিয়োগ বিধি অনুযায়ী বেতার কেন্দ্র/ইউনিটের সংখ্যা বৃদ্ধি পেলে নিজস্ব শিল্পীর সংখ্যাও সেই অনুপাতে বৃদ্ধি পাবে এবং রেডিও বাংলাদেশের বিভিন্ন কেন্দ্র/ইউনিটের চাহিদা/প্রয়োজন অনুযায়ী কেন্দ্র ও ইউনিটে পদের বণ্টন পুনঃনির্ধারিত হবে।

নং ডিজিআরবি(পিপি-৩৮) (এসএ)/৮৮- অগ্রহায়ন ২৯,১৩৯৫ বাংলা। ডিসেম্বর ১৩, ১৯৮৮ ইংরেজি।

নিজস্ব শিল্পীদের নিয়োগ বিধি।

এ যাবৎকাল রেডিও বাংলাদেশে নিজস্ব শিল্পী নিয়োগ সংক্রান্ত সুনির্দিষ্ট কোন নীতি-মালা না থাকায় অনেক সময় বেতারের প্রয়োজনীয়তা ও চাহিদা বিবেচনা করে নিজস্ব শিল্প নিয়োগ কষ্টকর হয়। এছাড়া উন্মুক্ত প্রতিযোগীতার মাধ্যমে প্রতিভা ও মেধা যাচাইয়র কোন নীতিগত পদ্ধতি ও সুযোগ না থাকায় অনেক প্রতিভাবান শিল্পী সংস্কৃতির বৃহত্তর অঙ্গনে তাদের প্রতিভার বিকাশ ঘটাতে সক্ষম হন না।

২। এই অবস্থার নিরসনকল্পে এবং নিয়োগের ব্যবস্থাকে একটি পদ্ধতিগত প্রক্রিয়ার এক্তিয়ারে আনার জন্য নিজস্ব শিল্পীদের নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত একটি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত একটি তফসিল অনুমোদন করা হলো। ভবিষ্যতে নিজস্ব শিল্পীদের সকল প্রকার নিয়োগ এবং পদোন্নতি এই নিয়োগ-বিধি অনুযায়ী পরিচালিত হবে।

৩। নিজস্ব শিল্পীদের জন্য সরকার অনুমোদিত আটটি স্কেল অনুযায়ী এই নিয়োগ-বিধির তফসিল তৈরি করা হয়েছে। ভবিষ্যতে সরকার কর্তৃক স্কেল সংশোধনের প্রেক্ষিতে তফসিলও সংশোধিত হতে পারে।

৪। ১লা জানুয়ারী, ১৯৮৯ সন থেকে এই নিয়োগবিধি কার্যকর হবে।

৫। নিয়োগ-বিধির যাবতীয় সংশোধন সংযোজনের ক্ষমতা জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষ (রেডিও উইং) কর্তৃক সংরক্ষণ অব্যাহত থাকবে।

চেয়ারম্যান
জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষ।

নিজস্ব শিল্পীদের নিয়োগ-বিধি

জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষের রেডিও উইং-এ নিজস্ব শিল্পীদেরকে চুক্তিভিত্তিক নিয়োগের উদ্দেশ্যে নিম্নলিখিত বিধিমালা প্রণয়ন করা হলো।

১। সংক্ষিপ্ত শিরোনাম ঃ এই বিধিমালা জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষের রেডিও উইং-এর নিজস্ব শিল্পীদের নিয়োগ-বিধি, ১৯৮৯ নামে অভিহিত হবে এবং ১লা জানুয়ারী ১৯৮৯ থেকে কার্যকরী হবে।

২। সংজ্ঞাসমূহ ঃ বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী না হলে এই বিধিমালায়-

(ক) "কর্তৃপক্ষ" বলতে জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষকে (রেডিও উইং) বুঝাবে।

(খ) "তফসিল" বলতে এই বিধিমালার সাথে সংযোজিত তফসিল বুঝাবে।

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলতে জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষের চেয়ারম্যানকে বুঝাবে এবং কোন নির্দিষ্ট পদ অথবা এরূপ পদ শ্রেণীর সাথে সম্পর্কিত নিয়োগের ব্যাপারে চেয়রম্যান কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে-কোন কর্মকর্তা এর অন্তর্ভূক্ত হবে।

(ঘ) "নির্দিষ্ট পদ" বলতে তফসিলে উল্লেখিত পদ বুঝাবে।

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলতে তফসিলে বর্ণিত নির্দিষ্ট পদের যোগ্যতা বুঝাবে।

(চ) "শিক্ষানবিস" বলতে নির্দিষ্ট পদে শিক্ষানবিস হিসেবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাবে এবং

(ছ) "স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠান" বলতে আপতত বলবৎ কোন আইনের ধারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যঅলয় এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত অন্য কোন প্রতিষ্ঠানকে বুঝাবে।

৩। চাকুরীর প্রকৃতি, পদ সংখ্যা ও পদের শ্রেণী বিন্যাস ঃ

(ক) নিজস্ব শিল্পীদের জন্য প্রচলিত চুক্তিপত্রের শর্তানুযায়ী বর্তমানের ন্যায় ভবিষ্যতেও নিজস্ব শিল্পীগণ নিয়োজিত হবেন এবং তাদের বেতন ও ভাতা রেডিও বাংলাদেশের শিল্পীখাতে প্রদত্ত বাজেট থেকে বহন করা হবে।

(খ) নিজস্ব শিল্পীদের বর্তমান পদসমুহ বেতনের স্কেল অনুযায়ী ৫টি গ্রুপের সমন্বয়ে গঠিত হবে। গ্রুপসমুহে ৮টি বেতন স্কেল বর্তমানের ন্যায় ভবিষ্যতেও বহাল থাকবে। তবে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশ অনুযায়ী তা সংশোধিত হবে। স্কেল অনুযায়ী বিভিন্ন পদের শ্রেণী বিন্যাস ক, খ, গ, ঘ এবং ঙ ইত্যাদি শ্রেণীতে বিন্যস্ত হবে।

(গ) ১৯৭৬ সালে ব্রডকাষ্টিং কমিটির রিপোর্ট অনুযায়ী নিজস্ব শিল্পীদের পদের নামকরণ ও মোট সংখ্যা ৪৫৩ জনে সীমাবদ্ধ থাকবে। তবে বেতার কেন্দ্র/ইউনিটে পদের বণ্টন পুনঃনির্ধারিত হবে।

৪। নিয়োগ পদ্ধতি ঃ (১) তফসিলে বর্ণিত বিধা সাপেক্ষে কোন নির্দিষ্ট পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ দান করা হবে ঃ

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হবে না যদি সেই পদের প্রয়োজনীয় যোগ্যতা তার না থাকে এবং সরাসরি নিয়োগ ক্ষেত্রে তার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

(৩) সকল শ্রেণীতে সর্বনিম্ন স্কেলের পদ প্রারম্ভিক পর্যায়ের পদ হিসেবে গণ্য হবে এবং এই সকল পদে শতকরা ১০০ ভাগ সরাসরি প্রতিযোগিতার মাধ্যমে প্রার্থী নির্বাচিত হবে। পরবর্তীতে স্কেল উন্নয়ন ও পদোন্নতির বিষয়গুলো তফসিলে দেয়া বর্ণানুযায়ী পরিচালিত হবে।

(৪) সরাসরি নিয়োগের জন্য প্রতিটি পদের প্রার্থীদের শিক্ষাগত/পেশাগত যোগ্যতা অভিজ্ঞতার শর্ত উল্লেখপূর্বক যথারীতি সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রদান করা হবে।

৫। সরাসরি নিয়োগ : (ক) রেডিও বাংলাদেশের অনুষ্ঠান কাঠামোর প্রয়োজনীয়তা অনুসারে প্রতিযোগিতামুলক পরীক্ষার মাধ্যম কোন নির্দিষ্ট পদে নিজস্ব শিল্পী হিসেবে চুক্তিপত্রের শর্তানুযায়ী নিয়োগ করা যাবে।

(খ) একটি নির্বাচনী কমিটির মাধ্যমে নিজস্ব শিল্পীদের নিয়োগ কার্যক্রম পরিচালিত হবে। জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষের চেয়ারম্যান পদাধিকার বলে নিয়োগ, পদোন্নতি ও চক্তিপত্রের মেয়াদ বৃদ্ধি সম্পর্কিত বিষয়াদির জন্য গঠিত নির্বাচনী কমিটির চেয়ারম্যান হবেন এবং তারই মনোনীত পাঁচজন সদস্যের সমন্বয়ে এই কার্যক্রম পরিচালিত হবে। চেয়ারম্যানের অবর্তমানে তার মনোনীত একজন কর্মকর্তা চেয়ারম্যানের দায়িত্ব পালন করবেন।

(গ) নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলে বিবেচিত হবেন না যদি তিনি-

(১) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডোমিসাইল না হন।

(২) কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তাবলী পালন না করেন।

(৩) চাকুরীরত হন এবং যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(ঘ) রেডিও বাংলাদেশে মাসিক চুক্তিবদ্ধ শিল্পী হিসেবে নিয়োজিত যোগ্যতাসম্পন্ন ব্যক্তিগণকে সরাসরি নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

৬। বয়স : (ক) নিজস্ব শিল্পী হিসেবে সরাসরি নিয়োগ প্রাপ্তির সর্বনিম্ন বয়স হবে ২১ এবং সর্বোচ্চ বয়স হবে ৩৫ বছর। তবে বিশেষ প্রতিভাসম্পন্ন প্রার্থীর বেলা বা অসাধারণ প্রতিভাসম্পন্ন প্রার্থীর বেলায় এই বয়সসীমা শিথিলযোগ্য বলে বিবেচিত হবে। অবসর গ্রহণের সর্বশেষ বয়স হবে ৫৭ বছর। শিল্পীর বয়স ৫৭ বছর অতিক্রান্ত হবার পর শিল্পীর স্বাস্থ্য ও কর্মক্ষমতা সম্পর্কে মেডিক্যাল বোর্ডের প্রত্যয়নপত্র এবং অনুষ্ঠানকর্মে শিল্পীর স্বাস্থ্য অপরিহার্য়তা সম্পর্কে নির্বাচনী কমিটি সুপারিশ করলে বিশেষ ক্ষেত্র হিসেবে শিল্পীর চুক্তিরপত্রের মেয়াদ ৬০ বছর বয়সসীমা পর্যন্ত বৃদ্ধি করা যেতে পারে। ৫৭ বছরের পরবর্তী বর্ধিত সময়ের জন্য তিনি গ্র্যাচুইয়িটি প্রাপ্য হবে ন না।

(খ) মৌলিক প্রতিভাসম্পন্ন অভিজ্ঞ শিল্পী/লেখক, যিনি সৃজনশীল কর্ম ও সাধনায় অবদান রেখেছেন ও বিশেষ খ্যাতি অর্জন করেছেন সরাসরি নিয়াগকালে নির্বাচনী কমিটির সুপারিশ মোতাবেক তাকে উচ্চ গ্রেডে চুক্তিবদ্ধ করা যাবে।

৭। পদোন্নতির মাধ্যমে নিয়োগ ঃ (ক) এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষ কর্তৃক গঠিত নির্বাচনী কমিটির সুপারিশ-এর ভিত্তিতে নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়াগ করা যাবে ঃ শর্ত থাকে যে, চাকুরীতে জ্যেষ্ঠতা বা বায়োজ্যেষ্ঠতা পদোন্নতি পাবার একমাত্র মাপকাঠি হিসেবে বিবেচিত হবে না। নির্বাচনী কমিটি কর্তৃক সকল প্রার্থীর বাৎসরিক রিপোর্ট পর্যালোচনা করা হবে এবং প্রার্থীর প্রতিভা, কর্মনিষ্ঠা ও আচরণ বিবেচনা করে তফসিলে বর্ণিত নিয়োগ পদ্ধতির শর্ত মোতাবেক কমিটির সুপারিশের ভিত্তিতে সর্বোত্তম প্রার্থীকে পদোন্নতি দেয়া যাবে।

(খ) এক শ্রেণী/স্কেল থেকে উচ্চতর অন্য শ্রেণী/স্কেলের শূন্য পদে চুক্তিবদ্ধকরণ পদোন্নতি হিসেবে গণ্য হবে এবং যথারীতি কর্তৃপক্ষ কর্তৃক লিখিত আদেশ জারী হবে। প্রত্যেক পদোন্নতির ক্ষেত্রে নতুনভাবে চুক্তিপত্র স্বাক্ষরিত হবে। এক্ষেত্রে চাকুরীর ধারাবাহিকাত অক্ষুন্ন থাকবে।

(গ) নিয়োগ/পদোন্নতিপ্রাপ্ত নিজস্ব শিল্পী এক বৎসর শিক্ষানবিসকাল সমাপ্ত করবেন। শিক্ষানবিসকালে নিয়োজিত পদের কর্মে অযোগ্য ও আচরণ সন্তোষজনক প্রমানিত হলে কমিটির সিদ্ধান্ত মোতাবেক পুনরায় শিক্ষানবিসকাল বৃদ্ধি হতে পারে/পদবনতি ঘটতে পারে/বাৎসরিক ইনক্রিমেন্ট বন্ধ থাকতে পারে/অভিযোগ গুরুতর হলে চুক্তিপত্র বাতিল হতে পারে।

(ঘ) এই বিধিমালা কার্যকরী হওয়ার পূর্বে নিয়োগপ্রাপ্ত নিজস্ব শিল্পীদের পদোন্নতি ও স্কেল উন্নয়নের বেলায় শিক্ষাগত যোগ্যাতা ও বয়স শিথিলযোগ।

৮। নিজস্ব শিল্পীর নিয়োগপত্র হিসেবে বর্তমানে প্রচলিত চুক্তি ফরম রেবা-৪৮ ব্যবহৃত হবে এবং নিয়োগপ্রাপ্ত ব্যক্তি নিজস্ব শিল্পী হিসেবে চুক্তিপত্র বর্ণিত শর্তানুযায়ী পরিচালিত হবেন।

৯। এই বিধিমালায় বর্ণিত শর্ত/অনুচ্ছেদসমুহ সরকারি নির্দেশ মোতাবেক সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ভবিষ্যতে পরিবর্তন/সংযোজন/সংশোধনযোগ্য।